



জরুরি পত্র

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd

রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা
controller@rajshahieducationboard.gov.bd

স্মারক নম্বর: রাশিবো/মাধ্য-১/পনি-১৮(২য় খন্ড)/১৩৪৮

তারিখ: ০৪/১০/২০২৬

বিষয় : ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার পরীক্ষার্থীদের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট বিতরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয় ও নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট নিম্নলিখিত তারিখ সমূহে পরীক্ষা শাখা (কক্ষ নং-১২১৪) থেকে বিতরণ করা হবে। তিনি নিজে অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত শিক্ষকের মাধ্যমে উল্লিখিত তারিখে অফিস চলাকালীন সময়ে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে তাঁর কেন্দ্রের একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট গ্রহণের জন্য তাঁকে অনুরোধ করা হ'ল। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক/ অধ্যক্ষ নিজে বা তাঁর প্রেরিত প্রতিনিধি উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট কেন্দ্রের বিদ্যমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সিদ্ধান্তের কপি অথবা একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট গ্রহণের জন্য আবেদনের উপর বিদ্যমান ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডির চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতিস্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট প্রদান করা সম্ভব হবে না। একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট গ্রহণের পর কোন প্রকার ভুলত্রুটি পরিলক্ষিত হলে ০৭(সাত) কর্মদিবসের মধ্যে মাধ্যমিক পরীক্ষা শাখা থেকে সংশোধন করে নিতে অনুরোধ করা হ'ল।

তারিখ ও সময়

ক্রমিক নং	জেলার নাম	একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও টেবুলেশন শীট বিতরণের তারিখ, সময় ও বার	বিতরণের স্থান
১.	বগুড়া, সিরাজগঞ্জ	১৩/১০/২০২৬, মঙ্গলবার সকাল ১০.০০ টা	মাধ্যমিক পরীক্ষা শাখা (পুরাতন ভবন, ২য় তলা, কক্ষ নং-১২১৪)
২.	পাবনা, জয়পুরহাট	১৩/১০/২০২৬, মঙ্গলবার সকাল ১০.০০ টা	
৩.	নাটোর, নওগাঁ	১৫/১০/২০২৬, বৃহস্পতিবার সকাল ১০.০০ টা	
৪.	রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ	১৫/১০/২০২৬, বৃহস্পতিবার সকাল ১০.০০ টা	

(Signature)
প্রফেসর ইফফাত জেরীন 4/10/26

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন-০২৫৮৮৮৫৬২৩১

প্রাপকঃ

কেন্দ্র সচিব

রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাভুক্ত সকল কেন্দ্র

মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা-২০২৬

স্মারক নম্বর: রাশিবো/মাধ্য: পরীক্ষা-১/পনি-১৮(২য় খন্ড)/১৩৪৮ (৪০০০)

তারিখ: ০৪/১০/২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. উপজেলা নির্বাহী অফিসার, (রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, নওগাঁ, সিরাজগঞ্জ, পাবনা, বগুড়া, জয়পুরহাট জেলার অন্তর্ভুক্ত সকল উপজেলা)

২. প্রধান শিক্ষক/ অধ্যক্ষ, রাজশাহী শিক্ষা বোর্ডের আওতাভুক্ত সকল মাধ্যমিক পর্যায়ের প্রতিষ্ঠান (তাঁর নিজ নিজ কেন্দ্র হতে টেবুলেশন শীটসহ একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংগ্রহ করার জন্য অনুরোধ করা হ'ল।)

(Signature)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

ফোন-০২৫৮৮৮৫৫৮৫১